

সারাদেশ

রাজবাড়ীর গোয়ালন্দে শিশুকে যৌন হয়রানির অভিযোগে ৬০ বছরের বৃদ্ধ গ্রেপ্তার



প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৮:২০ PM



রাজবাড়ীর গোয়ালন্দে প্রথম শ্রেণির এক ছাত্রীকে (৭) যৌন হয়রানির অভিযোগে হবিবুর রহমান হবি সরদার (৬০) নামের এক বৃদ্ধকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে গোয়ালন্দ ঘাট থানা পুলিশ নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করে।

অভিযুক্ত হবি সরদার গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের ওমেদ আলী সরদারের ছেলে এবং ভুক্তভোগী শিশুর দুঃসম্পর্কের দাদা।

পুলিশ ও অভিযোগ সূত্রে জানা যায়, গত ১৯ সেপ্টেম্বর বিকেল চারটার দিকে শিশুটি প্রতিবেশীদের সাথে হবি সরদারের উঠানে খেলতে যায়। এ সময় হবি সরদার তাকে কোলে করে নিজের শয়নকক্ষে নিয়ে দরজা-জানালা বন্ধ করে দেন। পরে শিশুটির পরিহিত কাপড় খুলে গোপনাস্থে হাত দিলে সে ব্যথায় চিৎকার করে ওঠে। একপর্যায়ে ধরা পড়ার ভয়ে অভিযুক্ত ব্যক্তি তাকে ছেড়ে দেন। শিশুটি বাড়ি ফিরে তার মাকে পুরো ঘটনাটি জানায়।

ভুক্তভোগী শিশুর বাবা জানান, লোকলজ্জা ও মেয়ের ভবিষ্যতের কথা চিন্তা করে প্রথমে কয়েক দিন পরিবারে বিষয়টি নিয়ে আলোচনা চলে। পরে পরিবারের সবার সাথে পরামর্শ করে বুধবার গোয়ালন্দ ঘাট থানায় লিখিত অভিযোগ দায়ের করেন তিনি।

এ বিষয়ে গোয়ালন্দ ঘাট থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. শফিকুল ইসলাম জানান, অভিযোগ পাওয়ার সাথে সাথেই পুলিশ অভিযান চালিয়ে অভিযুক্ত ব্যক্তিকে তাঁর বাড়ি থেকে গ্রেপ্তার করে। বুধবার বিকেলে তাঁকে রাজবাড়ীর আদালতে পাঠানো হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

এ বিভাগের আরও খবর



মাদারীপুরে ৫০ পিস ইয়াবাসহ তরুণী গ্রেপ্তার
মাদারীপুর শহরের কলেজ রোড এলাকায় অভিযান চালিয়ে ৫০ পিস ইয়াবাসহ নারীসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (৬ অক্টো...



ঝালকাঠিতে গভীর রাতে ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন
ঝালকাঠি শহরে গভীর রাতে চিকিৎসাসেবা নিশ্চিত করতে ঔষধের ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে (বুধবার ৭ অক্টো...



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাপাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাসেতার অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত হোসের অভ্যচার ও হত্যার ছমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি ব্রিজের সূতা....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/rajbarir-goyalnde-shishuke-joun-hyranir-obhijoge-60-bchhrer-briddh-greptar>